JAN 30 2001

তারিখ ...

পৃষ্ঠা ... ১৫ কলাম ...

দৈনিক ইনকিলাব



*ইনকিলাব ঃ শিক্ষক-কর্মচারী ঐক্যজোট গতকাল বিভিন্ন দাবীতে জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচী পালন করে*

# শিক্ষক স্বার্থবিরোধী ধারা বাতিলের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতি, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন, বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ ও বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন সমন্বয়ে গঠিত শিক্ষক কর্মচারী ঐক্যজোট ৬ দফা দাবী পূরণ ও শিক্ষক স্বার্থপরিপন্থী ধারাসমূহ বাতিলের দাবীতে দীর্ঘ ২ মাস যাবত আন্দোলন চালিয়ে আসছেন।

আন্দোলনের কর্মসূচীর অংশ হিসেবে গতকাল ৬ দফা দাবী পূরণ ও ৯ দফার শিক্ষক স্বার্থ বিরোধী ধারাসমূহ বাতিলের

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## মানববন্ধন

৮-এর পৃষ্ঠার পর

দাবীতে শিক্ষক কর্মচারী ঐক্যজোটের আহবানে প্রেস ক্লাব থেকে শিক্ষা ভবন পর্যন্ত সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত ১ ঘণ্টা মানববন্ধন কর্মসূচী পালিত হয়।

মানববন্ধন কর্মসূচী শুরু হওয়ার পূর্বে ঐক্যজোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়ার নেতত্বে এক মিছিল প্রেস ক্লাব থেকে বের হয়। বিপুল সংখ্যক মহিলা শিক্ষিক কর্মসূচীতে অংশগ্রহণ করেন।

মানববন্ধন কর্মসূচী শেষের দিকে জোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলামের সভাপতিত্বে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন জোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, মাহবুবুর রহমান মোল্লা, বাবু অজিত কুমার সরকার, মোল্লা নজরুল ইসলাম, শাহাদাৎ হোসেন, জাকির হোসেন, অধ্যাপক লিয়াকত আলী, আঃ আলীম প্রমুখ।

সভায় আগামী ৩০ জানুয়ারী সকল জেলা সদরে ১০-৪টা ৬ ঘণ্টা প্রতীক অনশন এবং ৩০ জানুয়ারী ঢাকার মুক্তাঙ্গনে ১০-৪টা ৬ ঘণ্টা প্রতীক অনশনে অংশগ্রহণ এবং আগামী ৬ ফেব্রুয়ারী কেন্দ্রীয় শহীদ মিনারের সমবেশে অংশগ্রহণের জন্য সকল শিক্ষক কর্মচারীদের অনুরোধ জানানো হয়।

গত রবিবার প্রধানমন্ত্রীকে স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপি প্রদানের পূর্বে মুক্তাঙ্গনে জোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলামের সভাপতিত্বে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

নেতৃবৃন্দ আগামী ৬ ফেব্রুয়ারী মহাসমাবেশে অংশগ্রহণের জন্য সকল শিক্ষক কর্মচারীদের অনুরোধ জানান।